

### 💵 হাদিস শাস্ত্রের পরিভাষা পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ মাতরুক হাদিস রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

#### মাতরুক হাদিস

# مَتْرُوكُهُ مَا وَاحِدٌ بِهِ انْفَرَدْ ا وَأَجْمَعُوا لِضَعْفِهِ فَهْوَ كَرَدْ

"যে হাদিস একলা কোনো রাবি বর্ণনা করেছেন, যার দুর্বলতার উপর সবাই একমত, তাই 'মাতরুক' বা পরিত্যক্ত"। অত্র কবিতায় বর্ণিত ক্রমানুসারে হাদিসের একত্রিংশ প্রকার মাতরুক।

مُتُروكُ এর আভিধানিক অর্থ পরিত্যক্ত, পরিত্যাজ্য ও বাতিল।

'মাতরুক' এর পারিভাষিক সংজ্ঞা প্রসঙ্গে লেখক বলেন: "সবার নিকট দুর্বল রাবির একলা বর্ণিত হাদিস মাতরুক এবং তাই পরিত্যক্ত"।

এখানো أجمعوا ক্রিয়ার সর্বনাম দ্বারা উদ্দেশ্য মুহাদ্দিসগণ। অর্থাৎ মিথ্যার অপবাদে দুষ্ট, অথবা সমাজে মিথ্যুক হিসেবে পরিচিত, অথবা বেদীন, অথবা অধিক ভুলকারী বা অন্যমনস্ক ইত্যাদি কারণে সকল মুহাদ্দিসের নিকট দুর্বল রাবির বর্ণিত হাদিস মাতরুক, যেমন ওমর ইব্ন হারুন। ইমাম তিরমিযি[1] রহ. বলেন:

قال الإمام الترمذي \_رحمه الله حدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عُمَرُ بْنُ هَارُونَ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْد، عَنْ عَمْرِو بْنِ شُعَيْب، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّه، «أَنَّ النَّبيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَأْخُذُ مِنْ لِحْيَتِهِ مِنْ عَرْضِهَا وَطُولِهَا»

আহলে ইলম এ হাদিসকে মাতরুকের উদাহরণ হিসেবে পেশ করেছেন। কারণ এ সনদে ওমর ইব্ন হারুন মাতরুক। কতক মুহাদ্দিস তাকে মিথ্যার অপবাদে দুষ্ট বলেছেন। শায়খ আলবানি রাহিমাহুল্লাহ্ এ হাদিসকে মাওদু' বলেছেন।

যে রাবি মানুষের সাথে মিথ্যা বলেছে প্রমাণ আছে, কিন্তু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের উপর মিথ্যা বলার প্রমাণ নেই, হাদিসের পরিভাষায় তাকে মিথ্যার অপবাদে দুষ্ট বলা হয়। তার হাদিস জাল নয়, কারণ সে নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের উপর মিথ্যা বলেছে প্রমাণিত হয়নি। এ ব্যক্তি সকল মুহাদ্দিসের নিকট মাতরুক, তার হাদিস 'মারদুদ' ও প্রত্যাখ্যাত। অতএব বিতর্কিত রাবি মাতরুক নয়।

কতক মুহাদ্দিস অধিক দুর্বল, অথবা অতিমাত্রায় ভুলকারী, অথবা অধিক অমনোযোগী, অথবা ফাসেকের একক বর্ণনা, অথবা বিদ'আতের দিকে আহ্বানকারী, অথবা ইমামদের প্রতি বিদ্বেষ পোষণকারীর হাদিসকে মাতরুক বলেছেন। কেউ জাল ও মুনকার হাদিসকেও মাতরুক বলেছেন। কখনো মানসুখ হাদিসকে মাতরুক বলা হয়। মাতরুক হাদিসের হুকুম: মাওদু হাদিসের ন্যায় মাতরুক শাহেদ ও মুতাবে' হতে পারে না, তবে 'মাওদু' থেকে উত্তম, যদিও উভয়ের হুকুম এক। মাতরুকের দুর্বলতা কখনো দূর হয় না, তাই তার থাকা না-থাকা উভয় সমান।

#### ফুটনোট



# [1] তিরমিযি: (২৭৬২)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8647

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন